

বিএডিসিতে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপিত



গত ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) তে ৫৩তম মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে কৃষিভবন, সেচভবন, বীজভবন এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানের সম্মুখে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

মহান বিজয় দিবস উপলক্ষ্যে বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এর নেতৃত্বে ঢাকার দিলকুশার কৃষি ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুর্যাল এবং মহান মুক্তিযুদ্ধে বিএডিসি'র শহিদ বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অন্যদিকে, বিএডিসি'র সদস্যপরিচালক (বীজ ও উদ্যান) এর নেতৃত্বে একটি দল সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন।

মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করে। এ ছাড়াও কৃষিভবন, সেচভবন, বীজভবন এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসে রঙিন পতাকা দ্বারা সজ্জিত করা হয়। শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, বীর মুক্তিযোদ্ধা এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে এদিন বিএডিসি'র আওতাধীন স্টাফ কোয়ার্টার মসজিদসহ আঞ্চলিক কার্যালয়ের সকল মসজিদ বাদযোহর বিশেষ মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করা হয়।